



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩৮

তারিখ: ২৫ মাঘ ১৪২৮

০৮ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২১-২২ মৌসুমে আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে ঢাকা ও খুলনা বিভাগে চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকার স্মারক নং ১৩.০১.০০০০.০০০.৪৫.০০৬.২১.২৯৪, তারিখ: ০৬/০২/২০২২  
খ্রি:।

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনার স্মারক নং ১৩.০১.০০০০.২৩০.৪৫.০০৪.২১.৪০৪, তারিখ: ০৮/০২/২০২২  
খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২১-২২ মৌসুমে ৭.২০ লাখ মে:টন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে গত ০৭/০২/২০২২ খ্রি: পর্যন্ত চালকল মালিকদের অনুকূলে মূল লক্ষ্যমাত্রা ও পুনবরাদ্দসহ ৬৯৬৪৪৩ মে:টন চালের বরাদ্দ প্রদান করা হয়েছে। সে মোতাবেক অবরাদ্দকৃত চালের পরিমাণ (৭২০০০০-৬৯৬৪৪৩)=২৩,৫৫৭ মে:টন। অবরাদ্দকৃত চালের বিভাগভিত্তিক পরিমাণ নিম্নরূপঃ

ছক-১

ক্র:নং	বিভাগের নাম	অবরাদ্দকৃত চালের পরিমাণ (মে:টন)
১.	ময়মনসিংহ	৬০২৮
২.	চট্টগ্রাম	৭২৩৫
৩.	সিলেট	৬৮৭৫
৪.	বরিশাল	৩৪১৯
সর্বমোট=		২৩৫৫৭

সূত্রস্থ ১নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা তার বিভাগে সর্বমোট সমন্বিত লক্ষ্যমাত্রা ৫৮,৪৯৫ মে:টন এর অতিরিক্ত ১,০০০ মে:টন এবং সূত্রস্থ ২নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা তার বিভাগে চালের প্রদত্ত সর্বমোট লক্ষ্যমাত্রা ৯৭,০৫৭ মে:টন এর অতিরিক্ত আরো ১৫,০০০ মে:টন চালের বরাদ্দ প্রদানের জন্য খাদ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করেছেন। চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২১-২২ মৌসুমে ঢাকা ও খুলনা বিভাগে প্রদত্ত চালের লক্ষ্যমাত্রার বিপরীতে স্বাভাবিক গতিতে চাল সংগ্রহ কার্যক্রম চলছে। ঢাকা ও খুলনা বিভাগে আরো অতিরিক্ত চালের চাহিদা রয়েছে। অপরদিকে 'ছক-১' এ বর্ণিত ৪টি বিভাগে প্রদত্ত চালের লক্ষ্যমাত্রার বিপরীতে এখনো পর্যন্ত ২৩,৫৫৭ মে: টন চালের বরাদ্দ প্রদান করা হয়নি। এতে প্রতীয়মান হয় যে, আলাোচ্য ৪টি বিভাগে প্রদত্ত চালের লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ চাল সংগ্রহের সম্ভাবনা কম। এ বাস্তবতার প্রেক্ষিতে এ ৪টি বিভাগের অবরাদ্দকৃত ২৩,৫৫৭ মে: টন চালের বরাদ্দ থেকে কিছু পরিমাণ চালের বরাদ্দ কর্তন করে ঢাকা ও খুলনা বিভাগে সমন্বয় করা যেতে পারে।

সে লক্ষ্যে ঢাকা ও খুলনা বিভাগে চাহিত চালের বরাদ্দের পরিশ্রেক্ষিতে 'ছক-১' এ বর্ণিত বিভাগসমূহের অবরাদ্দকৃত পরিমাণ থেকে যথা: ময়মনসিংহ বিভাগ থেকে ৪০০০ মে:টন, চট্টগ্রাম বিভাগ থেকে ৩০০০ মে:টন, সিলেট বিভাগ থেকে ২০০০ মে:টন এবং বরিশাল বিভাগ থেকে ১০০০ মে:টন সহ মোট ১০,০০০ (দশ হাজার) মে:টন চালের বরাদ্দ কর্তন করে তা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮নং অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে ঢাকা বিভাগে অতিরিক্ত

১,০০০ মে:টন ও খুলনা বিভাগে অতিরিক্ত ৯০০০ মে:টন বরাদ্দ প্রদান করা হলো। সমন্বয়ের পরে ঢাকা ও খুলনা বিভাগের লক্ষ্যমাত্রার পরিমাণ নিম্নের 'ছক-২' এ দেখানো হলোঃ

ছক-২

ক্র:নং	বিভাগের নাম	বর্তমানে সমন্বিত লক্ষ্যমাত্রা (মে:টন)	অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান (মে:টন)	সমন্বয়ের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১	২	৩	৪	৮(৬+৭)
১.	ঢাকা	৫৮,৪৯৫	১,০০০	৫৯,৪৯৫
২.	খুলনা	৯৭,০৫৭	৯,০০০	১,০৬,০৫৭

ময়মনসিংহ, চট্টগ্রাম, সিলেট ও বরিশাল বিভাগের অবরাদ্দকৃত পরিমাণ থেকে ১০,০০০ মে:টন কর্তনের পর সংশ্লিষ্ট বিভাগসমূহে স্থিরকৃত লক্ষ্যমাত্রার চিত্র নিম্নোক্ত ছক-৩ এ দেখানো হলো:


ক্র:নং	বিভাগের নাম	বর্তমান লক্ষ্যমাত্রা (মে:টন)	কর্তনকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	কর্তনের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১	২	৩	৪	৫ (৩-৪)
১.	ময়মনসিংহ	৯৯৮৭২	৪০০০	৯৫৮৭২
২.	চট্টগ্রাম	৬০৭৯১	৩০০০	৫৭৭৯১
৩.	সিলেট	২৭৮৩০	২,০০০	২৫,৮৩০
৪.	বরিশাল	২৯৭৪২	১,০০০	২৮,৭৪২

অতিরিক্ত চালের বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণ করতে হবে;

- ক) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা কমিটিকে অবহিত করে বরাদ্দ প্রদান করবেন;
- খ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপোর্ট বরাদ্দ প্রদান করা যাবে।

অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রার চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



৯-২-২০২২

মোঃ রায়হানুল কবীর

পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: [dproc@dgfood.gov.bd](mailto:dproc@dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩৮/১(১১)

তারিখ: ২৫ মাঘ ১৪২৮

০৮ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/সিলেট/বরিশাল/ময়মনসিংহ। এ বিষয়ে তার সংগে টেলিফোনে আলোচনা উল্লেখ্য।
- ৬) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



৯-২-২০২২

মোঃ রায়হানুল কবীর  
পরিচালক